

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গৌরনদী, বরিশাল।
uwaogournadi05@gmail.com

স্মারক নং- ৩২.০২.০৬৩২.০০০.১৬.০১২.২৩- ৩৫৭

তারিখ : ২৫/০৯/২০২৩ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়: “জয়িতা অন্বেষনে বাংলাদেশ” ২০২৩ শীর্ষক কার্যক্রমের আওতায় বিভিন্ন ক্যাটাগরিতে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে, যে আগামী ২৫ নভেম্বর ২০২৩ হতে ১০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও ৯ ডিসেম্বর ২০২৩ বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে তৃণমূল পর্যায়ের ৫ ক্যাটাগরিতে বিভিন্ন ক্ষেত্রে সফল নারী তথা জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান, স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে “জয়িতা অন্বেষনে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষে এতদসঙ্গে প্রেরিত ধারণা পত্র অনুযায়ী ইউনিয়ন ও পৌরসভা কমিটি হতে প্রত্যেক ক্যাটাগরিতে জয়িতা নির্বাচন করতে হবে, এবং প্রত্যেক ক্যাটাগরিতে ১ জন করে ইউনিয়নের ও পৌরসভার শ্রেষ্ঠ সফল নারীর (জয়িতার) জীবন বৃত্তান্তসহ মূল্যায়ন ছক পূরণপূর্বক নাম প্রস্তাব করে আগামী ১৩/১১/২০২৩ খ্রি.তারিখের মধ্যে উপজেলা যাচাই/বাছাই কমিটির নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্যাটাগরী সমূহঃ

- ০১। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ০২। অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ০৩। সফল জননী নারী।
- ০৪। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।
- ০৫। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী।


২৫/০৯/২৩
(জাহানারা পারভীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গৌরনদী, বরিশাল।